



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স (লেভেল-৪,৫,৬)
১১৯, কাজী নজরুল ইসলাম সড়ক
www.bfsa.gov.bd



নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিষয়ক সাক্ষ্যকালীন “সার্টিফিকেট প্রশিক্ষণ কোর্সে” নিবন্ধনের আবেদন নির্দেশিকা

নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ, সরবরাহ, বিক্রয় ও পরিবেশনের প্রতিটি ধাপে বিজ্ঞানসম্মত পদ্ধতির যথাযথ অনুশীলন প্রয়োজন। নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অনুযায়ী খাদ্য ব্যবসার সাথে সংশ্লিষ্ট সকলকে (ব্যক্তি/প্রতিষ্ঠান) বিজ্ঞানভিত্তিক পদ্ধতি অনুশীলন করতে হবে। খাদ্য প্রক্রিয়াকরণের প্রতিটি ধাপে বিজ্ঞানভিত্তিক পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিষয়ে সম্মত জ্ঞান থাকা আবশ্যিক। এর পরিপ্রেক্ষিতে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, খাদ্য মন্ত্রণালয় খাদ্য ব্যবসা সংশ্লিষ্টদের জন্য একটি সাক্ষ্যকালীন সার্টিফিকেট প্রশিক্ষণ কোর্স চালু করেছে। পাঁচটি মডিউলের মাধ্যমে ০৫ (পাঁচ) দিনব্যাপী ১০ ঘণ্টার এই সাক্ষ্যকালীন প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের নিরাপদ খাদ্য সম্পর্কিত বিষয়াদি হাতে-কলমে প্রশিক্ষণ দেয়া হবে। প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের আবেদন নির্দেশিকা নিম্নরূপঃ-

ক) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নির্ধারিত ফরমে (ব্যক্তিগত আবেদন হলে ‘ক’ ফরম এবং প্রাতিষ্ঠানিক আবেদন হলে ‘খ’ ফরম) আবেদন করতে হবে।

খ) প্রশিক্ষণ কোর্সে ভর্তির আবেদনপত্র কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা (প্রশিক্ষণ) শাখা বা ওয়েবসাইট (www.bfsa.gov.bd) হতে সংগ্রহ করা যাবে। আবেদন ফরমের তথ্যাদি যথাযথভাবে পূরণপূর্বক ই-মেইলে (isfaq.wahed@bfsa.gov.bd) বা সরাসরি নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা (প্রশিক্ষণ) শাখায় জমা দিতে হবে।

গ) প্রশিক্ষণ কোর্সের নির্ধারিত ফি বাবদ ১০,০০০/- টাকা (প্রতি কোর্সের জন্য জনপ্রতি) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অগ্রণী ব্যাংকের হিসাব BFSa SANDHOKALIN PROSIKHKHAN (নম্বর-০২০০০২১১০৩৯৬০) অনুকূলে জমাপূর্বক এক কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। দলীয়/প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে অংশগ্রহণকারী ২০জন বা বেশি হলে কোর্স ফি জন প্রতি ৮,০০০/- টাকা জমা দিতে হবে।

ঘ) আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র ও চাকরির আবেদকারীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আইডি কার্ড-এর ফটোকপি এবং দুই কপি পাসপোর্ট সাইজ ছবি যুক্ত করতে হবে।

ঙ) প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সের ফটোকপি সংযুক্ত করতে হবে।

চ) আবেদন যাছাই-বাছাইয়ের ক্ষেত্রে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ যেকোনো সময় এ সংশ্লিষ্ট যেকোনো ধরনের দলিলাদি দাখিলের নির্দেশনা দিতে পারবে।

ছ) পূর্ব ঘোষণা ব্যতিরেকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ যেকোনো আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবে।

জ) প্রশিক্ষণ চলাকালীন কোনো প্রশিক্ষণার্থীর আচরণ যথাযথ না হলে/নিয়ম বহির্ভূত হলে কর্তৃপক্ষ তার প্রশিক্ষণ বাতিল করতে পারবে।

ঝ) কর্তৃপক্ষ যথাযথ বিবেচনায় সময়ে সময়ে প্রশিক্ষণের মডিউল সংযোজন-বিয়োজন করতে পারবে।

ঞ) প্রশিক্ষণের সময়সূচি ও অন্যান্য তথ্যাদি বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.bfsa.gov.bd) হতে সংগ্রহ করা যাবে। প্রশিক্ষণ সংক্রান্ত যেকোনো তথ্য ও পরামর্শ পেতে ০১৬৭১৮১৮৬০০ নম্বরে যোগাযোগ করা যাবে।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ